

স্মারক সংখ্যা: ০৫.৪৪.৫৭৮৭.০০০.৫২.৩৭৮.২০১৯-১৫৭

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ  
১১ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ


### নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রামপুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃংখলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ অনুসারে মেহেরপুর জেলার অন্তর্গত মেহেরপুর সদর উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের জন্য নামের পার্শ্বে বর্ণিত ইউনিয়নের ওয়ার্ড সমূহে গ্রাম-পুলিশ (মহল্লাদার) নিয়োগ করা হবে। আত্মীয় প্রার্থীগণকে নিম্নবর্ণিত শর্তাবলী পালন পূর্বক আগামী ০১ আগস্ট ২০১৯ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বরাবর জীবন বৃত্তান্তসহ আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	ওয়ার্ড নম্বর	পদের নাম	শূন্য পদের সংখ্যা
০১	কুতুবপুর	৫	গ্রাম পুলিশ (মহল্লাদার)	০১ টি
০২	আমঝুপি	২	গ্রাম পুলিশ (মহল্লাদার)	০১ টি
০৩	পিরোজপুর	১ ও ৪	গ্রাম পুলিশ (মহল্লাদার)	০২ টি
মোট শূন্যপদ =				০৪ টি

#### শর্তাবলী :

- শিক্ষাগত যোগ্যতা : প্রার্থীকে গ্রাম-পুলিশ (মহল্লাদার) পদের জন্য ন্যূনতম অষ্টম শ্রেণি পাশ হতে হবে।
- প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- প্রার্থীর বয়স আগামী ০১ আগস্ট, ২০১৯ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- প্রার্থীর শারীরিক যোগ্যতা: পুরুষ প্রার্থীর ক্ষেত্রে- সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৫০ কেজি হতে হবে। মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৪৫ কেজি হতে হবে।
- আবেদন পত্রে প্রার্থীর (ক) নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) বর্তমান ও স্থায়ী ঠিকানা, (ঘ) শিক্ষাগত যোগ্যতা, (ঙ) জন্ম তারিখ, (চ) বয়স, (০১ আগস্ট ২০১৯ খ্রি. তারিখে) (ছ) জাতীয়তা, (জ) ধর্ম, (ঝ) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখসহ প্রার্থীকে স্ব-হস্তে আবেদন লিখতে হবে। এছাড়া আবেদন পত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের অনুলিপি, ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সার্টিফিকেট, জন্ম নিবন্ধন/ভোটার আইডি কার্ডের অনুলিপি, সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৫ (পাঁচ) কপি রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগে ইউপি-২ অধিশাখার ০৪ নভেম্বর ২০১৮ খ্রি. তারিখের ৪৬.০১৮.০৩২.০০.০০.০৪০.২০১৫-৫৯৫ স্মারক মোতাবেক গ্রাম-পুলিশ (মহল্লাদার) (সরকারি এবং ইউনিয়ন পরিষদ অংশে ৫০%, ৫০% হারে) বেতন সর্বমোট ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা প্রাপ্য হবেন।
- সোনালী ব্যাংক হতে ১০০/- (একশত) টাকার অফেরৎ যোগ্য ব্যাংক ড্রাফট সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বরাবরে আবেদনের সাথে দাখিল করতে হবে।
- প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রার্থীর পিতা/মাতাকে প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব যা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত) এবং এতিম ও প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- সরকারি চাকুরি বা কোন বিধিবদ্ধ সংস্থা বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরিতে নিয়োজিত প্রার্থীগণকে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে আবেদন করতে হবে।
- এ নিয়োগ গ্রহণ/বাতিল সংক্রান্ত সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



(মো: মাসুদুল আলম)

উপজেলা নির্বাহী অফিসার

মেহেরপুর সদর

ফোন: ০৭৯১-৬২৫৩১ (অফিস)

ই-মেইল: [unomeherpur@mopa.gov.bd](mailto:unomeherpur@mopa.gov.bd)

#### অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- জেলা প্রশাসক, মেহেরপুর
- পুলিশ সুপার, মেহেরপুর
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর

#### অনুলিপি কার্যার্থে/বহুল প্রচারের জন্য:-

- উপজেলা-----কর্মকর্তা, মেহেরপুর সদর
- চেয়ারম্যান, কুতুবপুর/আমঝুপি/পিরোজপুর ইউনিয়ন পরিষদ, মেহেরপুর সদর (বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নের ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাট-বাজারসমূহে প্রচার করার জন্য অনুরোধ করা হলো)
- সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মেহেরপুর সদর (এ বিজ্ঞপ্তিটি মেহেরপুর সদর উপজেলা তথ্য বাতায়ন এবং ফেসবুকের মাধ্যমে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।